

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.masscommunication.gov.bd

স্মারক নংঃ ১৫.৫৬.২৬৬৬.০০২.৯৯.০২৫.১৫ (অংশ-৩) ৩১৫৪(৬০)

তারিখ : ১১.১০.২০১৮

বিষয়: ইনোভেশন টিমের কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ শাহেনুর মিয়া
পরিচালক (প্রশাসন ও অর্থ) অতিরিক্ত দায়িত্ব।
তারিখ : ০২.১০.২০১৮, মঙ্গলবার
সময় : বেলা ১২.০০টা
স্থান : গণযোগাযোগ অধিদপ্তরের সম্মেলনকক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট "ক"

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমোদনক্রমে উপপরিচালক (প্রশাসন ও অর্থ) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত ও ইনোভেশন টিমের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার বিষয় সভায় উপস্থাপন করেন। তিনি আরো জানান, ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুসারে জেলা পর্যায়ে তথ্য অফিস থেকে উদ্ভাবনী ধারণা আহ্বান করা হয়। প্রাপ্ত ধারণাসমূহ যাচাই-বাছাই করে ০২ (দুই) টি ধারণা চূড়ান্ত করে আইডিয়া ব্যাংকে জমা রাখা হয়েছে। সভাপতি এ কর্মপরিকল্পনা যথাযথভাবে অনুসরণ ও বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেন।

সভায় আরো জানানো হয়; ভিডিও কলের মাধ্যমে উন্মুক্ত বৈঠক, চলচ্চিত্র প্রদর্শন ও কুইজ প্রতিযোগিতা এবং স্থানীয় ক্যাবল টিভির মাধ্যমে বার্তা প্রচার কার্যক্রম অব্যাহত আছে এবং এ সকল কার্যক্রম এলাকার বিভিন্ন সমস্যা সমাধানসহ মাদক ও জঙ্গিবাদ প্রতিরোধে কার্যকর ভূমিকা রাখছে।

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ :

- ০১। ২০১৮-১৯ অর্থবছরে প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখতে হবে।
- ০২। স্থানীয় ক্যাবল টিভির মাধ্যমে উন্মুক্ত বৈঠক কর্মকাণ্ডের বার্তা সংবলিত ০১ (এক) মিনিট স্থিতিকালের ভিডিও ক্লিপ সৌজন্যমূলকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ০৩। কুইজের মাধ্যমে চলচ্চিত্র প্রদর্শন প্রচার কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং এক্ষেত্রে বরাদ্দ পাওয়া গেলে জেলা/উপজেলা পর্যায়ে তথ্য অফিসসমূহে তথ্য অফিসে দ্রুত প্রেরণ করতে হবে।
- ০৪। আর্থসামাজিক বিভিন্ন ইস্যুতে ভিডিও কলের মাধ্যমে উন্মুক্ত বৈঠককালে প্রান্তিক জনগোষ্ঠীর সাথে সম্পদ ব্যক্তির সংযোগ ঘটিয়ে তাদের বিভিন্ন সমস্যাসহ এলাকাভিত্তিক বিভিন্ন সমস্যা সমাধানে আরো তৎপর হতে হবে।
- ০৫। ২০১৮-১৯ অর্থবছরের ইনোভেশন সংক্রান্ত সকল কার্যক্রম অধিদপ্তরের ওয়েবসাইটের ইনোভেশন কর্ণারে আপলোডসহ নিয়মিতভাবে তথ্য হালনাগাদ করতে হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শাহেনুর মিয়া) ১১/১০/২০১৮
পরিচালক (প্রশাসন ও অর্থ) অতিরিক্ত দায়িত্ব
ফোনঃ ৮৩৯২২৯৬

জ্ঞাতার্থে :

- ০১। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

কার্যার্থে :

- ০১। পরিচালক (কারিগরি ও প্রশিক্ষণ/প্রচার ও সমন্বয়), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
- ০২। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
- ০৩। উপপরিচালক/সিনিয়র তথ্য অফিসার/তথ্য অফিসার/সহকারী তথ্য অফিসার, জেলা তথ্য অফিস ও তথ্য অফিস (সকল)।